**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Review Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে সৌরবিদ্যুৎ উৎপাদন ও ব্যবহারের জন্য জনগণকে আরও বেশি করে উৎসাহিত করতে, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের পরামর্শ দিয়েছেন। গতকাল আগরতলা পুরনিগম সহ, বিভিন্ন শহর এলাকার বিদ্যুৎ এবং পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এই পরামর্শ দেন। সভায় তিনি বিভিন্ন প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে সঠিক সময়ের মধ্যে শেষ করতে নির্দেশ দেন।

পিএম সূর্যঘর মুফত বিজলি যোজনা সম্পর্কে বলতে গিয়ে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানান, এই প্রকল্পে এখন পর্যন্ত শহর এলাকাগুলিতে ২ হাজার ৮৪৫টি সোলার ইউনিট বসানো হয়েছে।

*****************************

## President:

উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির একদল কারিগর ও তাঁত শিল্পীদের গতকাল রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন। আলাপচারিতার সময়, তারা রাষ্ট্রপতি ভবনের 'অ্যাট হোম' অভ্যর্থনা অনুষ্ঠানের অভিজ্ঞতা তুলে ধরেন এবং তাঁদের প্রতিভা প্রদর্শনের সুযোগ করে দেওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

রাষ্ট্রপতি মুর্মু তাঁর বক্তব্যে, কারিগর ও তাঁতিদের সহায়তার প্রয়োজনীয়তার ওপর জোর দেন, যাতে তাদের শৈল্পিক জ্ঞান যত বেশি সম্ভব মানুষের কাছে পৌঁছাতে পারে এবং তারা আত্মনির্ভরশীল হতে পারে।

*****************************

## India-Nordic Summit:

ভারত ও নরডিক রাষ্ট্রগুলির অংশীদারিত্বকে এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তৃতীয় ভারত-নরডিক শীর্ষ সম্মেলনের পর গতকাল এক যৌথ সংবাদ সম্মেলনে তিনি জানান, এই দ্বিপাক্ষিক সম্পর্ককে এবার 'সবুজ প্রযুক্তি ও উদ্ভাবনী কৌশলগত অংশীদারিত্বে' উন্নীত করা হচ্ছে।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, বিগত এক দশকে দুই পক্ষের মধ্যে বাণিজ্য চার গুণ এবং ভারতে নরডিক দেশগুলোর বিনিয়োগ প্রায় ২০০ শতাংশ বেড়েছে, যা উভয় দেশেই কর্মসংস্থান সৃষ্টি করেছে।

অন্যদিকে, নরডিক নেতারা গণতন্ত্র ও আন্তর্জাতিক নিয়মনীতি রক্ষার প্রতিশ্রুতি দিয়ে ভারতের সাথে কাজ করার আহ্বান জানান। পরিশেষে, বৈশ্বিক ইস্যুতে প্রধানমন্ত্রী, ইউক্রেন ও পশ্চিম এশিয়ার সংঘাত বন্ধের দাবি জানান৷

*****************************

## UPSC Prelim Exam :

সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) পরীক্ষা ২০২৬-এর একটি কেন্দ্র হচ্ছে আগরতলাতেও। আগামী ২৪ মে, উমাকান্ত একাডেমিতে এই কেন্দ্রে রাজ্যের যুবক যুবতীরা পরীক্ষায় বসবেন। পশ্চিম জেলার জেলা প্রশাসন জানিয়েছে, পরীক্ষা গ্রহনের প্রস্তুতি নেওয়া হয়েছে। জেলাশাসক ডাঃ বিশাল কুমার উমাকান্ত

একাডেমির পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে, সেখানে নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন।

*****************************

**NEET-UG:**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান গতকাল নয়াদিল্লিতে আসন্ন নিট (ইউজি) পুনঃপরীক্ষার প্রস্তুতি পর্যালোচনার জন্য একটি উচ্চ-পর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করেন। পরীক্ষা পরিচালনায় সম্পূর্ণ সততা ও স্বচ্ছতার প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে শ্রী প্রধান নির্দেশ দেন, পূর্ববর্তী পরীক্ষা প্রক্রিয়ায় চিহ্নিত সমস্ত ত্রুটি অবশ্যই সংশোধন করতে হবে। মন্ত্রী জোর দিয়ে বলেন, কঠোর নিরাপত্তা ব্যবস্থার অধীনে সুরক্ষিত, নির্বিঘ্ন এবং ত্রুটিহীন পদ্ধতিতে এই পুনঃপরীক্ষা পরিচালনা করতে হবে। বৈঠকে, পরীক্ষার ব্যবস্থার সঠিক পর্যবেক্ষণ এবং কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য, জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারদের সাথে সমন্বয় সভা করার নির্দেশ দেওয়া হয়।

*****************************

**Bhasha Shahid Diwas:**

বরাক উপত্যকার ভাষা শহীদদের স্মরণে গতকাল আগরতলায় ত্রিপুরা রবীন্দ্র পরিষদের উদীচী গৃহে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ছিল আলোচনা সভা ও বহুভাষী কবিতা পাঠ। অনুষ্ঠানের শুরুতে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সভাপতি শুভব্রত দেব তার ভাষণে, ভাষা আন্দোলনের ঐতিহাসিক তাৎপর্য ও ভাষাগত সম্প্রীতির প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া, বক্তব্য রাখেন কবি নন্দকুমার দেববর্মা, অধ্যাপক সেলিম শাহ

ও কবি রামেশ্বর ভট্টাচার্য। বহুভাষী কবিতা পাঠে রাজ্যের বিশিষ্ট কবি সাহিত্যিকগণ অংশগ্রহণ করেন।

*****************************

**BJP- Pranjit:**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় বলেছেন, সরকার পরিচালনা করাই শুধু নয়, প্রতিটি মানুষের সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তোলাই বিজেপির মূল উদ্দেশ্য। গতকাল, আগরতলার নতুননগরে, পন্ডিত দীনদয়াল উপাধ্যায় মহাপ্রশিক্ষন অভিযানে অংশ নিয়ে তিনি একথা বলেন। শ্রী সিংহ রায়, দলীয় সংগঠনকে মজবুত করতে জনসংযোগের উপর গুরুত্ব আরোপ করেন।

*****************************

**CPI(M)- Tapan Das:**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকারের নেতৃত্বে সিপিআই(এম) -এর এক প্রতিনিধি দল গতকাল জিরানীয়ায় দলীয় নেতা তপন দাসের বাড়ি পরিদর্শন করেন। সম্প্রতি শ্রী দাসের বাড়িতে কথিত হামলার অভিযোগ প্রসঙ্গে শ্রী সরকার, সংবাদমাধ্যমকে বলেন, আক্রমণ করে কারোও মনোভাব বা মতাদর্শ পরিবর্তন করা যায় না। তিনি এলাকায় সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান|

*****************************

**Bru Refugees:**

উত্তর জেলার কাঞ্চনপুর মহকুমায় ব্রু শরনার্থী শিবিরগুলোর সার্বিক উন্নয়ন কর্মসূচী নিয়ে গতকাল কাঞ্চনপুর মহকুমা শাসকের নেতৃত্বে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মহকুমার আশাপাড়া, ভান্ডারিমা ও গছিরামপাড়ায় ব্রু শরনার্থী শিবিরের জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের বিষয়ে

পর্যালোচনা করা হয়। এইসব প্রকল্প যথাযথভাবে রূপায়ীত হচ্ছে বলে, বৈঠকে জানানো হয়।

*****************************

**Labour-Meeting :**

পশ্চিম ত্রিপুরা জেলার ইটভাটা মালিক ও শ্রমিকদের সচেতনতা বাড়াতে, গতকাল আগরতলায় শ্রমভবনে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে রাজ্য শ্রম দপ্তরের যুগ্ম কমিশনার বিনয় ভূষণ দাস জানান, ইটভাটায় ১৮ বছরের নিচে কোনও শিশুকে দিয়ে কাজ করালে, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ইটভাটা মালিকের বিরুদ্ধে এফ.আই.আর দাখিল করা হবে। তাছাড়া ইটভাটাগুলিতে শ্রমিক পরিবারের শিশুদের যত্নের ব্যবস্থা থাকা, শিশুদের দেখাশুনার জন্য মহিলাকর্মী রাখা এবং শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা করানোর ব্যবস্থা রাখা বাধ্যতামূলক বলে, বৈঠকে অবহিত করা হয়|

*****************************

**State Wise Under-13 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার গতকাল ৬টি খেলা হয়। রানীরবাজার মাঠে সদর এ দল ১৪২ রানে মোহনপুরকে, নেপকো মাঠে জিরানিয়া ৪৭ রানে তেলিয়ামুড়াকে, মেলাঘর মাঠে আমবাসা ৮১ রানে কাঞ্চনপুরকে, ধর্মনগরের মাঠে কৈলাসহর ১ উইকেটে লংতরাই ভ্যালিকে, শান্তিরবাজারের মাঠে অমরপুর ৬২ রানে বিলোনিয়াকে এবং বিলোনিয়ার মাঠে ধর্মনগর ১৫৪ রানে সাব্রুম দলকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারনত মেঘলা থাকবে| বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************

*****************************